

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এডিবি-৪ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখ-বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে Natural Gas Infrastructure and Efficiency Improvement Project-শীর্ষক প্রকল্পের জন্য ১৬৭ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন, সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এডিবির পক্ষে Mr. Kazuhiko Higuchi, Country Director, বাংলাদেশ আবাসিক মিশন উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকার ও এডিবি'র সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

Natural Gas Infrastructure and Efficiency Improvement Project-শীর্ষক প্রকল্প ছয় বছর মেয়াদে (জুলাই ২০১৬ থেকে জুন ২০২২) বাস্তবায়িত হবে এবং প্রাক্কলিত ব্যয় সর্বমোট ৪৫৩ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে এডিবি বাংলাদেশ সরকারকে ১৬৭ মিলিয়ন মার্কিন ডলার (১০০ মিলিয়ন মার্কিন ডলার ওসিআর এবং ৬৭ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের এডিএফ) ও AIIB ৬০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করবে এবং অবশিষ্ট ২২৬ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ অর্থ বাংলাদেশ সরকারকে যোগান দিতে হবে। এডিবি প্রদেয় ADF এবং OCR ঋণ ০৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। এডিএফ ঋণের বার্ষিক সুদের হার ২% এবং ওসিআর ঋণের সুদের হার LIBOR ভিত্তিক। এছাড়া, ওসিআর ঋণের জন্য অব্যয়িত অর্থের ওপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ এবং ০.১০% হারে প্রিমিয়াম (Maturity Premium) প্রযোজ্য হবে।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এ প্রকল্পের উদ্যোগী বিভাগ। গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ (জিটিসিএল) এবং বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিঃ (বিজিএফসিএল) এ ঋণের আওতায় গৃহিত কার্যক্রমের বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবে। এ প্রকল্পের আওতায় গৃহিত কার্যক্রমের মূল উদ্দেশ্য হচ্ছে- গ্যাস উৎপাদন দক্ষতা বৃদ্ধি করা এবং গ্যাস সঞ্চালন পাইপলাইনের ক্ষমতা সম্প্রসারণ করা।

এ প্রকল্পের আওতায় বাস্তবায়িতব্য উল্লেখযোগ্য কার্যক্রম হলো-

- (i). Installation of Wellhead Compressors at Location-A of Titas Gas Field;
- (ii). Construction of Chittagong-Feni-Bakhrabad Gas Transmission Parallel Pipeline Project.

১৯৭৩ সালে বাংলাদেশ সদস্য হওয়ার পর থেকেই এডিবি অন্যতম উন্নয়ন সহযোগী হিসেবে বাংলাদেশকে ঋণ ও অনুদান সহায়তা প্রদান করে আসছে। এ পর্যন্ত বাংলাদেশকে প্রদত্ত এডিবি'র ঋণ সহায়তার পরিমাণ ১৫.৫ বিলিয়ন মার্কিন ডলারের অধিক। এডিবি মূলতঃ বাংলাদেশে বিদ্যুৎ, জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহন, শিক্ষা, কৃষি, পানিসম্পদ, সুশাসন, স্বাস্থ্য ও আর্থিক খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে।

(মোহঃ আলিউল্লাহ মিয়া)
উপ-সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)